শহীদদের রক্তের সাথে কোন আপোষ করা যাবে না: যুবদল সভাপতি

খান মাইনউদ্দিন- যুবদলের কেন্দ্রীয় সভাপতি আবদুল মোনায়েম মুন্না বলেছেন,শহীদদের রক্তের সাথে কোন আপোষ করা যাবে না। শহীদদের পরিবারের পাশে বিএনপি সবসময় আছে এবং থাকবে।বিএনপি ক্ষমতায় গেলে শহীদের পাশে থাকবে।

রবিবার (২৯ সেপ্টেম্বর) দুপুরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে গুলিবিদ্ধ হয়ে নিহত ঝালকাঠির নলছিটির সেলিম তালুকদারের কবর জিয়ারত করার পূর্বে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন।

যুবদল সভাপতি আবদুল মোনায়েম মুন্না বলেন, বিএনপির সবসময় সকল সম্প্রদায়ের মানুষের সহাবস্থানকে নিশ্চিত করার জন্য কাজ করে। সংখ্যালঘুদের নিরাপত্তার জন্য আমার গত ৫ আগস্টের পরে সামাজিক কর্মকান্ডে জড়িত ছিলাম। মন্দিরে সুরক্ষার জন্য সারাদেশে বিএনপি মনিটরিংয়ে ছিলো যাতে করে কোন ঝামেলায় না পড়তে হয়।

তিনি আরও আমরা সবসময় সাধারণ মানুষের জান মাল নিরাপত্তায় কাজ করছি।বার্তা একটাই সাধারন মানুষের নিরাপত্তা নিশ্চিত করা এবং তাদের পাশে থাকা। দেশ নায়ক তারেক রহমান বলেছেন মানুষের মনকে জয় করতে হবে ভয় দেখিয়ে নয়। মন জয় করে রাজনীতি করতে হবে।

তার সাথে বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির বরিশাল বিভাগীয় সহ সাংগঠনিক সম্পাদক মাহবুবুল হক নান্নু, কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক নাজমুল হোসেন,জেলা যুবদলের আহ্বায়ক রবিউল হোসেন তুহিন,সদস্য সচিব অ্যাডভোকেট আনিসুর রহমান খান,যুগ্ম আহবায়ক এনামুল হক সাজু,নলছিটি উপজেলা যুবদলের সভাপতি সালাহউদ্দিন শাহিন উপস্থিত ছিলেন।

এর আগে উপজেলার শহরের বিভিন্ন স্থানে ধানের শীষ’ সম্বলিত লিফলেট বিতরণ করেন।